

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৯৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪২. যিনি হাদীস লিখে রাখার পক্ষে মতামত প্রদান করেন না

بَابُ مَنْ لَمْ يَرَ كِتَابَةَ الْحَدِيثِ

## আরবী

أَخْبَرَنَا سَهْلُ بْنُ حَمَّادٍ، حَدَّتَنَا شُعْبَةُ، عَنِ الْأَشْعَثِ، عَنْ أَبِيهِ، وَكَانَ مِنْ أَصْحَابِ عَبْدِ اللَّهِ قَالَ: رَأَيْتُ مَعَ رَجُلِ صَحِيفَةً، فِيهَا سُبْحَانَ اللَّهِ، وَالْحَمْدُ لِلَّهِ، وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ، وَاللَّهُ أَكْبُرُ، فَقُلْتُ لَهُ: أَنْسِخْنِيهَا، فَكَأَنَّهُ بَخِلَ بِهَا، ثُمَّ وَعَدَنِي أَنْ يُعْطِيَنِيهَا، فَأَتَيْتُ عَبْدَ اللَّهِ أَكْبَرُ، فَقُلْتُ لَهُ عَنْهُ فَإِذَا هِيَ بَيْنَ يَدَيْهِ فَقَالَ: " إِنَّ مَا فِي هَذَا الْكِتَابِ بِدْعَةٌ، وَفِتْنَةٌ، وَضَلَالَةٌ، وَإِنَّمَ اللَّهُ عَنْهُ فَإِذَا هِيَ بَيْنَ يَدَيْهِ فَقَالَ: " إِنَّ مَا فِي هَذَا الْكِتَابِ بِدْعَةٌ، وَفِتْنَةٌ، وَضَلَالَةٌ، وَإِنَّمُ اللَّهُ عَنْهُ مَا الْكِتَابِ بِدْعَةٌ، وَفِتْنَةٌ وَوَلَّانَةً لَهُمْ كَتَبُوهَا أَهْلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ هَذَا، وَأَشْبَاهُ هَذَا، إِنَّهُمْ كَتَبُوهَا، فَاسْتَلَدَّتُهَا أَلْسِنَتُهُمْ، وَأُشْرِبَتْهَا قُلُوبُهُمْ، فَأَعْزِمُ عَلَى كُلِّ امْرِئَ يَعْلَمُ مكانِ كِتَابِ، إِلَّا دَلَّ عَلَيْهِ، وَأُقْسِمُ بِاللَّهِ، \_ قَالَ: شُعْبَهُ أَقْسَمَ بِاللَّهِ؟ قَالَ: أَحْسَبُهُ أَقْسَمَ \_ لَوْ أَنَّهَا ذُكِرَتْ لَهُ بِدِيرِ لَهِنْدِ نُراهُ \_ يَعْنِي مَكَانًا بِالْكُوفَةِ بَعِيدًا \_ لأَتَيْتَهُ وَلَوْ مَشْيًا

إسناده صحيح

## বাংলা

৪৯৬. আশ'আস তার পিতা থেকে বর্ণনা করেন, যিনি আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুর সাথী ছিলেন, তিনি বলেন: আমি এক ব্যক্তির নিকট একটি সহীফা (পুস্তিকা) দেখলাম যাতে রয়েছে: সুবহানাল্লাহ, ওয়ালহামদু লিল্লাহ, ওয়া লা ইলাহা ইল্লাল্লাহ, ওয়াল্লাহু আকবার। তখন আমি তাকে বললাম: আমাকে এর একটি অনুলিপি করে দিন। সে যেনো এতে কৃপণতা দেখাতে লাগল। তারপর সে আমাকে সেটা দেওয়ার ওয়াদা করল। তারপর আমি যখন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুর নিকট এলাম, তখন (দেখলাম) সেটি তার সামনে ছিল। তখন তিনি বললেন: এ কিতাবের মধ্যে যা কিছু আছে, সবই বিদ'আত, ফিতনা ও বিল্রান্তি ও পথল্রম্ভতা। আর এটিই এবং এর অনুরূপ বিষয়াবলীই তোমাদের পূর্ববর্তী জাতিসমূহকে ধ্বংস করেছে। (তা হলো) তারা সেগুলো লিখতো, তারপর এগুলো তাদের জবানকে খুব আনন্দ দিতো; এগুলো তাদের অন্তরসমূহ (গভীরভাবে) তাতে মজা উপভোগ করতো; আর



সেগুলো প্রত্যেক ব্যক্তির উপর যাদুর প্রভাব বিস্তার করতো, যারা কোন কিতাবের মর্যাদা সম্পর্কে অবগত ছিল, সে-ই এর দিকে পথ দেখাতো। অত:পর আমি আল্লাহ'র কসম করে বলছি। শু'বা বলেন: তিনি আল্লাহর নামে কসম করলেন? তিনি (বর্ণনাকারী) বলেন: আমার ধারণা তিনি কসম করে (বললেন): যদি আমাদের দেখা কুফা হতে দূরে অবস্থিত 'দায়র হিন্দ' নামক স্থানেও এটি বর্ণিত হতো, তবুও আমি তার নিকট যেতাম এমনকি পায়ে হেঁটে হলেও।[1]

## ফুটনোট

[1] তাহক্রীক্র: এর সনদ সহীহ।

তাখরীজ: খতীব, তারুয়ীদুল ইলম, পৃ: ৫৫; ইবনু আবী শাইবা, ৯/৫৩ নং ৬৪৯৮; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ৩৫০ সহীহ সনদে

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন